গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
সমাজসেবা অধিদফতর
জেলা সমাজসেবা কার্যালয়, রাজবাড়ী।
www.dss.rajbari.gov.bd

বিষয়ঃ টেকসই উন্নয়ন অভীষ্টসমূহ বাস্তবায়ন সংক্রান্ত জেলা কমিটি সভার কার্যবিবরণীঃ

সভাপতি : দিলসাদ বেগম
জেলা প্রশাসক, রাজবাড়ী।
তারিখ : ২৫/১১/২০২১ খ্রিঃ।
সময় : বিকাল ০৪.০০ ঘটিকা।
স্থান : সম্মেলন কক্ষ, জেলা প্রশাসকের কার্যালয়, রাজবাড়ী।

(সভায় উপস্থিত সদস্যবৃন্দের হাজিরা নথিতে সংরক্ষিত)

উপস্থিত সদস্যবৃন্দকে শুভেচ্ছা ও স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করা হয়। কমিটির সদস্য-সচিব উপপরিচালক, জেলা সমাজসেবা কার্যালয়, রাজবাড়ীকে আলোচনা শুরু করার জন্য অনুরোধ করা হয়। অতঃপর সদস্য সচিব আলোচ্যসুচী অনুযায়ী বিষয়সমূহ সভায় উপস্থাপন করেন। বিস্তারিত আলোচনা শেষে নিম্নবর্ণিত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়।

| ক্রম | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী/ তদারকি কর্মকর্তা |
|---|---|---|---|
| ১. | পূর্ববর্তী সভার কার্যবিবরণী দৃঢ়করণঃ ১৯/১১/২০২০ তারিখে অনুষ্ঠিত সভার কার্যবিবরণী সভায় পাঠ করা হয়। কার্যবিবরণী সম্পর্কে বিস্তারিত আলোচনা হয়। | কোন সংশোধনী প্রস্তাব না থাকায় কার্যবিবরণী সর্বসম্মতিক্রমে দৃঢ়করণ করা হয়। | দপ্তর প্রধান (সকল) |
| ২. | উপপরিচালক, জেলা সমাজসেবা কার্যালয়, রাজবাড়ী জানান টেকসই উন্নয়ন অভীষ্ট (SDG)২০৩০ অর্জন নিশ্চিতকল্পে জেলা, উপজেলা পর্যায়ে নিয়মিত মাসিক সভা আয়োজন ও বাস্তবায়ন অগ্রগতির প্রতিবেদন মন্ত্রীপরিষদ বিভাগে প্রেরণের নির্দেশনা রয়েছে। তিনি মন্ত্রীপরিষদ বিভাগের এতদসংক্রান্ত নির্দেশনা সম্বলিত কার্যবিবরণী সভায় পাঠ করেন। | ক) টেকসই উন্নয়ন অভীষ্ট (SDG) বাস্তবায়ন সংক্রান্ত জেলা কমিটির সভা প্রতিমাসে নিয়মিত আয়োজন এবং বাস্তবায়ন অগ্রগতির প্রতিবেদন মন্ত্রীপরিষদ বিভাগে প্রেরণের সিদ্ধান্ত গৃহীত হয়।<br>খ) টেকসই উন্নয়ন অভীষ্ট (SDG) বাস্তবায়ন সংক্রান্ত উপজেলা কমিটির সভা প্রতিমাসে নিয়মিত আয়োজনের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য উপজেলা নির্বাহী অফিসারগণকে অনুরোধ জানানো হয়। | ১। দপ্তর প্রধান (সকল)<br>২। উপজেলা নির্বাহী অফিসার ( সকল) |
| ৩. | কর্মপরিকল্পনা প্রণয়ন অগ্রগতিঃ সদস্য সচিব জানান জেলা সমাজসেবা কার্যালয়, জেলা যুব উন্নয়ন অধিদপ্তর,মহিলা বিষয়ক অধিদপ্তর, স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর, জেলা শিক্ষা অফিসারের কার্যালয়, আনসার ও গ্রাম প্রতিরক্ষা কার্যালয়, জেলা পরিসংখ্যান কার্যালয়, জেলা প্রাণী সম্পদ কার্যালয়, বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড, জেলা কারাগার, জেলা শিল্পকলা একাডেমী, কৃষি বিপনন অধিদপ্তর,রাজবাড়ী ও জনস্বাস্থ্য প্রকৌশল কার্যালয়,রাজবাড়ী হতে কর্মপরিকল্পনা পাওয়া গিয়েছে। অন্যান্য দপ্তর হতে অদ্যাবধি কর্মপরিকল্পনা পাওয়া যায়নি। | আগামী ১০ ডিসেম্বর ২০২১ তারিখের মধ্যে সংশ্লিষ্ট দপ্তরসমূহ সরবরাহকৃত ছক মোতাবেক কর্মপরিকল্পনা প্রণয়নপূর্বক উপপরিচালক, জেলা সমাজসেবা কার্যালয় রাজবাড়ী বরাবর প্রেরণ করবেন মর্মে সিদ্ধান্ত গৃহীত হয়। | সংশ্লিষ্ট দপ্তর প্রধানগণ |

| | | | |
|---|---|---|---|
| ৪. | স্থানীয় অগ্রাধিকারমূলক টেকসই উন্নয়ন সূচক এর বাস্তবায়নঃ ২৭/০৬/১৯ তারিখে অনুষ্ঠিত এসডিজি বিষয়ক কর্মশালায় রাজবাড়ী জেলার স্থানীয় অগ্রাধিকারমূলক টেকসই উন্নয়ন সূচকরূপে "নিরাপদ সবজি ও মসলা জাতীয় ফসলের উৎপাদন বৃদ্ধি, প্রক্রিয়াজাতকরণ, সংরক্ষণ ও বাণিজ্যিকীকর" কে নির্ধারণ করা হয় । উক্ত সূচকের বাস্তবায়ন অগ্রগতি সম্পর্কে আলোচনায় অংশ নিয়ে কৃষি কর্মকর্তা জনান সদর উপজেলার ৩(তিন) টি গ্রামে নিরাপদ সবজি উৎপাদন করা হচ্ছে কিন্তু উৎপাদিত সবজি বিক্রয়ের জন্য নির্ধারিত স্থান বা বাজার না থাকায় কৃষকগণ ক্ষতিগ্রস্থ হচ্ছে। | স্থানীয় অগ্রাধিকারমূলক টেকসই উন্নয়ন সূচকের বাস্তবায়ন নিশ্চিতকরণের জন্য উপপরিচালক, জেলা কৃষি সম্প্রসারণ অধিদপ্তর রাজবাড়ী, স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর কর্তৃক উপজেলা পর্যায়ে নির্মানাধীন মার্কেট ভবনে নিরাপদ সবজি বাজার প্রতিষ্ঠার লক্ষ্যে স্থানীয় উপজেলা প্রশাসনের সাথে আলোচনাপূর্বক প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন মর্মে সিদ্ধান্ত গৃহীত হয়। | উপপরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর রাজবাড়ী । |
| ৫. | এসডিজি ৪. ক. ১. লক্ষ্যমাত্রার বাস্তবায়নঃ ২১/০১/২০২০ তারিখে অনুষ্ঠিত সভায় সকলের জন্য অন্তর্ভুক্তিমূলক ও সমতা ভিত্তিক গুণগত শিক্ষা নিশ্চিত করার লক্ষ্যে শতভাগ বিদ্যালয়ে বিদ্যুৎ, ইন্টারনেট, নিরাপদ খাবার পানি ও পৃথক স্যানিটেশন ব্যবস্থা নিশ্চিতকরণের বিষয়ে সভায় আলোচনা করা হয়। | জেলা প্রাথমিক শিক্ষা অফিসার ও জেলা শিক্ষা অফিসের আওতাধীন যে সকল শিক্ষা প্রতিষ্ঠানে পৃথক সানিটেশন ব্যবস্থা, নিরাপদ খাবার পানির ব্যবস্থা এবং ইন্টারনেট সংযোগ নেই সে সকল শিক্ষা প্রতিষ্ঠানের তালিকা সংশ্লিষ্ট জেলা শিক্ষা অফিস জেলা সমাজসেবা কার্যালয়ে প্রেরণ করবেন মর্মে সিদ্ধান্ত গৃহীত হয়। | জেলা প্রাথমিক শিক্ষা অফিসার ও জেলা শিক্ষা অফিসার রাজবাড়ী। |
| ৬. | ফোকাল পার্সন নির্বাচন সংক্রান্ত আলোচনাঃ<br>সদস্য সচিব জানান টেকসই উন্নয়ন অভিষ্ঠসমূহ বাস্তবায়ন অগ্রগতি সম্পর্কে তথ্য সংগ্রহ ও প্রতিবেদন প্রেরণ কার্যক্রম সহজ ও সাবলীল করার লক্ষ্যে প্রতিটি দপ্তরে একজন ফোকাল পার্সন নির্বাচনপূর্বক ফোকাল পার্সনের নাম, পদবী, মোবাইল নম্বর এবং ইমেইল ঠিকানা জেলা সমাজসেবা কার্যালয় রাজবাড়ী বরাবর প্রেরণ করবেন মর্মে সিদ্ধান্ত গৃহীত হয়েছিল। অদ্যাবধি সকল দপ্তর থেকে ফোকাল পার্সন নির্বাচন সংক্রান্ত তথ্য পাওয়া যায়নি। | প্রতিটি দপ্তর ফোকাল পার্সন নির্বাচনপূর্বক ফোকাল পার্সনের নাম, পদবী, মোবাইল নম্বর এবং ইমেইল ঠিকানা উপপরিচালক, জেলা সমাজসেবা কার্যালয় রাজবাড়ী বরাবর প্রেরণ করবেন মর্মে পুনরায় সিদ্ধান্ত গৃহীত হয়। | দপ্তর প্রধান (সকল) |
| ৭. | জেন্ডার সমতা সংক্রান্ত ৫.৩.১ লক্ষ্যমাত্রার বাস্তবায়নঃ শিশু বিবাহ, বাল্যবিবাহ, ও জোর পূর্বক বিবাহ প্রথা অবসানের লক্ষ্যে জনসচেতনতা বৃদ্ধি সহ বিভিন্নমূখী পদক্ষেপ গ্রহণের বিষয়ে সভায় আলোচনা হয়। | উপপরিচালক, মহিলা বিষয়ক অধিদপ্তর রাজবাড়ী, শিশু বিবাহ, বাল্য বিবাহ, ও জোরপূর্বক বিবাহ রোধে গৃহীত প্রতিবেদন জেলা সমাজসেবা কার্যালয়, রাজবাড়ী বরাবর প্রেরণ করবেন মর্মে সিদ্ধান্ত গৃহীত হয়। | উপপরিচালক, জেলা মহিলা বিষয়ক অধিদপ্তর রাজবাড়ী। |

সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় উপস্থিত সদস্যবৃন্দকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

(দিলসাদ বেগম)
জেলা প্রশাসক
রাজবাড়ী।
ফোন : ০৬৪১-৬৫৪০৫
ফোন : ০১৭৩৩৩৩৬৪০০
E-mail: dcrajbari@mopa.gov.bd

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা সমাজসেবা কার্যালয়
রাজবাড়ী
www.dss.rajbari.gov.bd

স্মারকনং -৪১.০১.৮২০০.০০০.১২.০০১.২১.১০২০(৫৪) তারিখ: ০৮/১২/২০২১খ্রি।

অনুলিপি সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থে :

০১। বিভাগীয় কমিশনার ঢাকা বিভাগ, ঢাকা।
০২। পরিচালক, বিভাগীয় সমাজসেবা কার্যালয় ঢাকা।

০৩। ----------------------------------------
---------------------------------------- সদস্য।

(রুবাইয়াত মোঃ ফেরদৌস)
উপপরিচালক
জেলা সমাজসেবা কার্যালয়, রাজবাড়ী।